

রঙিন ফুলে সেজেছে সুন্দরবন - বাড়ছে পর্যটকের ভিড়

- A Monitor Desk Report

Date: 29 March, 2026



খুলনা: বসন্তের এই মনোরম সময়ে বিশ্বের বৃহত্তম ম্যানগ্রোভ বন, সুন্দরবন যেন প্রকৃতির এক অসাধারণ চিত্রকর্মে পরিণত হয়েছে।

খলিশা, গরান, পশুর, হারগোজা, কেওড়া ও গেওয়া গাছগুলোর মধ্যে ফুটেছে রংবেরঙের ফুল, যা বনাঞ্চলকে দৃষ্টিনন্দন করে তুলছে। ফুলের মিষ্টি সুবাস ও মৌমাছির গুঞ্জে মুখরিত হয়ে উঠেছে পুরো বন।

এখন শুধু স্থানীয় মৌয়ালদেরই নয়, দেশি-বিদেশি পর্যটকদেরও আকৃষ্ট করছে এই অপূর্ণ দৃশ্য। বসন্তের এই সময়ে ফুলের সমারোহ, ঐতিহ্যবাহী মধু আহরণ ও প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করতে বহু পর্যটক সুন্দরবনে আসছেন। বেশ কিছু পর্যটক ফুলের সাজানো দৃশ্য এবং মধু সংগ্রহের কার্যক্রম দেখতে বিশেষভাবে সুন্দরবন ভ্রমণের প্যাকেজ বেছে নিচ্ছেন।

বিশ্বের এই অন্যতম প্রাকৃতিক ঐতিহ্যপূর্ণ স্থানে পর্যটকদের আগমন বাড়ায়, স্থানীয় অর্থনীতিতে ইতিবাচক প্রভাব পড়ছে। স্থানীয় বাসিন্দাদের জন্য নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে, সেই সাথে সুন্দরবনের প্রাকৃতিক সম্পদ সংরক্ষণেও গুরুত্ব দিচ্ছে প্রশাসন।

এমন অপূর্ণ সময়টিতে পর্যটন খাতের জন্য নতুন এক সম্ভাবনার দরজা খুলে দিয়েছে সুন্দরবন, যা দেশের পর্যটন শিল্পকে আরো সমৃদ্ধ করবে বলে আশা করা হচ্ছে।

এই সময়ে সুন্দরবন ভ্রমণ অনেক পর্যটকের কাছে অ্যাডভেঞ্চার ও প্রকৃতি উপভোগের অনন্য সুযোগ। মৌয়ালদের নৌকা প্রস্তুতি, ফুলের মাঝে মৌমাছির গুঞ্জন এবং বনের গভীরে মধু সংগ্রহের ঐতিহ্যবাহী দৃশ্য দেখে অনেকে মুগ্ধ হন।

কিছু ট্যুর অপারেটর এখন বিশেষ ‘মধু আহরণ অভিজ্ঞতা’ প্যাকেজ চালু করেছেন, যেখানে পর্যটকরা নিরাপদ দূরত্ব থেকে মৌয়ালদের কাজ দেখতে পান, সুন্দরবনের ফুলের সৌন্দর্য উপভোগ করেন এবং স্থানীয়ভাবে সংগৃহীত খাঁটি সুন্দরবন মধু কিনতে পারেন।

বন বিভাগের কর্মকর্তারা জানিয়েছেন, এ বছর মধু আহরণের উদ্বোধনী অনুষ্ঠানকে আরও বড় পরিসরে আয়োজন করা হবে। পর্যটকদের জন্য নিরাপদ ট্যুর প্যাকেজ এবং সচেতনতা বৃদ্ধির উদ্যোগ নেওয়া হয়েছে।

-B